# ফেব্রুয়ারি, ২০২২ মাসের চাটমোহর উপজেলা পরিষদ সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ২৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল-০৩.০০ টা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, চাটমোহর, পাবনা। |
| সভাপতি | ঃ | **জনাব মোঃ আব্দুল হামিদ**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা। |

সহযোগিতায় ঃ মোঃ সৈকত ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে অদ্যকার উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদানের জন্য ধন্যবাদ ও স্বাগত জানিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। অতঃপর সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা মহোদয়কে অনুরোধ করেন।

(০২) **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** ঃ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গত ২৪/০১/২০২২ খ্রিঃ তারিখের মাসিক সভার কার্য-বিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্য-বিবরণী সঠিক থাকলে তা অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয়। কোন সংশোধন না থাকায় গত সভার কার্য-বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(০৩) **বিভিন্ন বিভাগীয় উন্নয়ন মূলক কাজের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

৩.০১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ** ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে । তিনি আরো জানান, গন টিকার কার্যক্রম আগামী ২৬/০২/২০২২ তারিখে ১ম ডোজ শেষ হবে। এখন বাড়ী বাড়ী গিয়ে জনগনকে উদ্বুদ্ধ করে টিকা নেয়ার ব্যবস্থা নিতে হবে। এ কাজে তিনি সকলচেয়ারম্যান ও সদস্যদের সহযোগিতা কামনা করেন। সদস্যদের কমপক্ষে ২০০ জন করে টার্গেটদেয়ার জন্য অনুরোধ করেন। করোনা ভাইরাস হতে মুক্তির উপায় স্বাস্থ্যবিধি মানা ও মুখে সঠিক নিয়মে মাস্ক পড়া এবং কোভিড/১৯ টিকা গ্রহণ করা। কোন রুগীর লক্ষণ দেখা দিলে দ্রুত পরীক্ষা করানোর জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। সভায় জানানো হয় যে, স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের ও সাধারণ জনগণের বুস্টার ডোজে ফাইজার টিকা দেয়া হচ্ছে।

**সিদ্ধান্তঃ** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখাসহ স্বাস্থ্যবিধি মানা ও মুখে সঠিক নিয়মে মাস্ক পড়া এবং কোন রুগীর লক্ষণ দেখা দিলে দ্রুত পরীক্ষা করানো এবং আগামী ২৬/০২/২০২২ তারিখে টিকা গ্রহণের বিষয়টি ব্যাপক প্রচারের সিদ্ধান্ত গৃহিত হয়।

**দায়িত্বঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল) চাটমোহর, পাবনা।

৩.০২। **উপজেলা কৃষি অফিস** ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি নির্বাচিত ইউপি চেয়ারম্যানদের কৃষি বিভাগের সকল কাজে তাঁদের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, সার নিয়ে কোন সমস্যা নেই। সার বিতরণে মনিটরিং এর কাজ আরো জোরদার করা হয়েছে। তিনি আরো বলেন, যত্রতত্র পুকুর খনন করায় কৃষি জমি হ্রাস পাচ্ছে এবং জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। তাই তিনি অনুমোদনহীন পুকুর খনন বন্ধ করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার, প্রকৃত কৃষক যাতে নায্য দামে সার ক্রয় করতে পারে তার মনিটরিং এর কাজ আরো জোরদার ও অনুমোদনহীন পুকুর খনন বন্ধ করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

**দায়িত্বঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.০৩। **উপজেলা প্রকৌশল দপ্তর** ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি বলেন দ্রুত এডিপির প্রকল্প টেন্ডারে দেয়া হবে। তিনি পিআইসি দ্বারা সম্পাদিত প্রকল্প দ্রুত শেষ করার জন্য অনুরোধ করেন। তিনি মুলগ্রাম ও ডিবিগ্রাম ইউনিয়নের রাস্তার পার্শ্বের পুকুরে মাছ চাষ করার ফলে রাস্তা গুলো নষ্ট হয়েছে যা দ্রুত সংস্কার করা প্রয়োজন, উপজেলা স্বাস্থ্য কম্পেক্সে ০৪(চার)টি অক্সিজেন কনসেনট্রেটর সরবরাহ, উপজেলা পরিষদের মসজিদের সামনের রাস্তা ইউনি ব্লক করণ, ডিবি গ্রাম ইউনিয়নের মৌলভীর ঢালা হতে দিলালপুর রাস্তায় রত্নাই নদীর উপর ব্রীজের টপ-স্লাব ভেঙ্গে যাওয়ায় মেরামত করার জন্য, মুলগ্রাম ইউনিয়নের জগতলা মাদ্রাসা হতে ডাঃ গোলাম রহমানের বাড়ী অভিমুখে রাস্তা ১৯০ মিটার হতে ২৪০ মিটার পর্যন্ত এইচবিবি করণের, হান্ডিয়াল ইউনিয়নের বাগলবাড়ী চৌরাস্তা হতে নওগা অভিমুখে মোজাম্মেল হক বাবুর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার, ২০২১-২২ অর্থ বছরের ৫ নং প্যাকেজের (গ) মুলগ্রাম ইউপির জগতলা রশিদের বাড়ী হতে শহীদ ডিলারের বাড়ী সামনে রাস্তা ইউচবিবি করণ কাজটি বাস্তবায়ন না হওয়ায় উক্ত প্যাকেজের (ক) রাস্তা বর্ধিত করে পুন প্রাক্কলন করার জন্য এবং রাস্তার পার্শ্বের পুকুরের তালিকা তৈয়ার করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখা, পিআইসি দ্বারা সম্পাদিত প্রকল্প দ্রুত শেষ করা, রাস্তার পার্শ্বের পুকুরের তালিকা তৈয়ার এবং নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয় ।

| ক্র: নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | অর্থের উৎস | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য কম্পেক্সে ০৪(চার)টি অক্সিজেন কনসেনট্রেটর সরবরাহ | ২.৮৫,০০০/- | এডিপি | আরএফকিউ |
| ০২ | উপজেলা পরিষদের মসজিদের সামনের রাস্তা ইউনি ব্লক করণ | ২,০০,০০০/- | উন্নয়ন তহবিল | পিআইসি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | ডিবি গ্রাম ইউনিয়নের মৌলভীর ঢালা হতে দিলালপুর রাস্তায় রত্নাই নদীর উপর ব্রীজের টপস্লাব ভেঙ্গে যাওয়ায় মেরামত করণ | ৫,৭৯,৩৩৯/-- | উন্নয়ন তহবিল | টেন্ডার |
| ০৪ | মুলগ্রাম ইউনিয়নের জগতলা মাদ্রাসা হতে ডাঃ গোলাম রহমানের বাড়ী অভিমুখে রাস্তা ১৯০ মিটার হতে ২৪০ মিটার পর্যন্ত এইচবিবি করণ | ২,৭০,৭৮৭/- | উন্নয়ন তহবিল | টেন্ডার |
| ০৫ | ২০২১-২২ অর্থ বছরের ৫ নং প্যাকেজের (গ) মুলগ্রাম ইউপির জগতলা রশিদের বাড়ী হতে শহীদ ডিলারের বাড়ী সামনে রাস্তা ইউচবিবি করণ কাজটি বাস্তবায়ন না হওয়ায় উক্ত প্যাকেজের (ক) রাস্তা বর্ধিত করে পুন প্রাক্কলন করে প্রকল্প বাস্তবায়ন | ১৪,৫০,০০০/- | উন্নয়ন তহবিল | টেন্ডার |
| ০৬ | ফৈলজানা ইউনিয়নের ছোট দুবলাপাড়া মুছার বাড়ী নিকটে এইচবিবি রাস্তার শেষ মাথা থেকে হাজী ইব্রাহিমের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করণ | ৪,০০,০০০/- | উন্নয়ন তহবিল | টেন্ডার |
| ০৭ | হান্ডিয়াল ইউনিয়নের বাগলবাড়ী চৌরাস্তা হতে নওগা অভিমুখে মোজাম্মেল হক বাবুর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার | ২,০০,০০০/- | উন্নয়ন তহবিল | পিআইসি |

**দায়িত্ব:** উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল) চাটমোহর, পাবনা

৩.০৪। **উপজেলা প্রাণি সম্পদ বিভাগ** ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.০৫। **উপজেলা মৎস্য অফিস** ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি জাটকা ইলিশ মাছ সংরক্ষণে জাটকা ইলিশ মাছ বিক্রি বন্ধে এবং গলদা চিংড়ী মাছে জেলি পুশ বন্ধে এবং সুতি জাল, চায়না জাল ব্যবহার না করার বিষয়ে সকলের সহযোগিতা চান। এ বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার, জাটকা ইলিশ মাছ বিক্রি বন্ধ গলদা চিংড়ী মাছে জেলি পুশ বন্ধ এবং সুতি জাল, চায়না জাল ব্যবহার বন্ধ রাখার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটমোহর, পাবনা

৩.০৬। **উপজেলা যুব উন্নয়ন অফিস** ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চাটমোহর, পাবনা

৩.০৭। **উপজেলা সমাজসেবা বিভাগ** ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো বলেন,যে সকল ভাতাভোগী ইতোমধ্যে মৃত্যুবরণ করেছেন তাদের তালিকা দ্রুত প্রেরণ করতে হবে
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার এবং মৃত ভাতাভোগীদের তালিকা দ্রুত সমাজসেবা অফিসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও চেয়ারম্যান, ইউ.পি(সকল) চাটমোহর, পাবনা

৩.০৮। **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর** ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চাটমোহর, পাবনা

৩.০৯। **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস** ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
সিদ্ধান্ত: বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্ব: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.১০। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি বলেন, টি.আর ২য় ফেজের প্রকল্প অনুমোদন হয়েছে, দ্রুত কমিটি দাখিল করতে হবে। তিনি আগামী মাসের ১৫ তারিখের মধ্যে কাবিখার কাজ শেষ করার জন্য অনুরোধ করেন।
সিদ্ধান্ত: বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার, দ্রুত কমিটি দাখিল করতে এবং কাজের গুনগত মাণ বজায় রেখে আগামী মাসের ১৫ তারিখের মধ্যে কাবিখার কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্ব: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.১১। **উপজেলা শিক্ষা অফিস** ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** উপজেলা শিক্ষা কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

28/2/22

৩.১২। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** ঃ জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান, বিভাগের সকল কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন বর্তমানে ০৬টি কাজ চলমান রয়েছে যা দ্রুত শেষ করা হবে। তিনি জনস্বাস্থ্যের কাজে সকলের সহযোগিতা চান।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন চলমান রাখার এবং কাজের গুনগতমাণ অক্ষুন্ন রেখে দ্রুত কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ চাটমোহর, পাবনা।

৩.১৩। **উপজেলা পল্লী উন্নয়ন অফিস** ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, চাটমোহর, পাবনা

৩.১৪। **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি ছাত্র-ছাত্রীদের কোভিড/১৯ টিকা শেষ করার জন্য স্বাস্থ্য বিভাগসহ উপজেলা প্রশাসনের সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, গত ২২ তারিখ হতে রুটিন মাফিক ক্লাস হচ্ছে।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় কার্যক্রম সচল রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটমোহর, পাবনা।

৩.১৫। উপজেলা **সমবায় বিভাগ** ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** উপজেলা সমবায় কর্মকর্তা, চাটমোহর, পাবনা

৩.১৬। উপজেলা বন বিভাগ ঃ ফরেস্টার, সামাজিক বন বিভাগ সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** ফরেস্টার, বন বিভাগ, চাটমোহর, পাবনা।

৩.১৭। **পবিস-১** ঃ পল্লী বিদ্যুৎ সমিতির পক্ষে এ.জি.এম জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো বলেন, উপজেলা পরিষদের কোয়াটারগুলোর বিদ্যুৎ লাইন অনেক পুরাতন হয়ে গেছে। দ্রুত মেরামত করা না হলে যে কোন সময় সর্ট সার্কিট হয়ে দূর্ঘটনা ঘটতে পারে। তিনি দ্রুত বৈদ্যুতিক লাইন মেরামত করার জন্য অনুরোধ করেন।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করাসহ উপজেলা পরিষদের কোয়াটারগুলোর বিদ্যুৎ লাইন মেরামত করার সিদ্ধান্ত গৃহিত হয়
**দায়িত্ব:** উপজেলা প্রকৌশলী/ জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি চাটমোহর, পাবনা।

৩.১৮। আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ উপজেলা সমন্বয়ক সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** উপজেলা সমন্বয়ক, চাটমোহর, পাবনা

৩.১৯। পল্লী দারিদ্র বিমোচন অফিস ঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্ত: বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
দায়িত্ব: উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.২০ **উপজেলা তথ্য সেবা কর্মকর্তাঃ** উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্ত: বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
দায়িত্ব: উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, চাটমোহর, পাবনা

৩.২১ **উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটর** ঃ উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটর সভায় জানান যে, এ উপজেলায় ৫০,০০,০০০/- টাকা বরাদ্ধ পাওয়া যায়। তন্মধ্যে ১০,০০,০০০/- টাকার বিভিন্ন প্রশিক্ষণ বাবদ বরাদ্ধ অনুমোদন হয়েছে। তিনি অবশিষ্ট ৪০,০০,০০০/- টাকা প্রকল্প দেয়ার জন্য অনুরোধ করেন।
সিদ্ধান্ত: সকল আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক সরকারি অর্থ ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।
দায়িত্ব: উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটর, চাটমোহর, পাবনা

৩.২২। **চেয়ারম্যান, নিমাইচড়া ইউ, পি** ঃ চেয়ারম্যান, নিমাইচড়া ইউ,পি সভায় বলেন- বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো জানান, একজন উদ্যোক্তা জন্ম নিবন্ধনের কাজ শেষ করতে পারছে না। অতিরিক্ত উদ্যোক্তা নিয়োগ অথবা পরিবর্তনের জন্য অনুরোধ করেন।
**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
**দায়িত্ব:** চেয়ারম্যান, নিমাইচড়া ইউ.পি, চাটমোহর, পাবনা।

২৪/২/২২

৩.২৩। **চেয়ারম্যান, গুনাইগাছা ইউ, পি ঃ** চেয়ারম্যান, গুনাইগাছা ইউ.পি সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো জানান, রিংজাল ব্যবহার করে অবাধে মৎস্য আহরণ করা হচ্ছে। তিনি রিংজাল ব্যবহার বন্ধ ও সার বিতরণ ও বিক্রয়ে মনিটরিং আরো বৃদ্ধির জন্য এবং যে ইউনিয়নের বাসিন্দা সেই ইউনিয়নের জন্য সারের ডিলার নিয়োগ দেয়ার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখার, রিংজাল ব্যবহার বন্ধ ও সার বিতরণ ও বিক্রয়ে মনিটরিং আরো বৃদ্ধির করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**দায়িত্ব:** উপজেলা কৃষি কর্মকর্তা/মৎস্য কর্মকর্তা/চেয়ারম্যান, গুনাইগাছা ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২৪। **চেয়ারম্যান, হান্ডিয়াল ইউ, পি ঃ** অনুপস্থিত

৩.২৫। **চেয়ারম্যান, পার্শ্বডাঙ্গা ইউ, পি ঃ** চেয়ারম্যান পার্শ্বডাঙ্গা সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে এবং তিনি মাহেলা দিয়ারপাড়া রাস্তার ব্রীজ দ্রুত মেরামত করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং বরাদ্ধ প্রাপ্তি সাপেক্ষে মাহেলা-দিয়ারপাড়া রাস্তার ব্রীজ মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্ব:** চেয়ারম্যান, পার্শ্বডাঙ্গা ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২৬। **চেয়ারম্যান, ফৈলজানা ইউ, পি ঃ** চেয়ারম্যান ফৈলজানা সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।

**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্ব:** চেয়ারম্যান, ফৈলজানা ইউ.পি, চাটমোহর, পাবনা

৩.২৭। **চেয়ারম্যান, বিলচলন ইউ, পিঃ** চেয়ারম্যান বিলচলনা সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।

**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্ব:** চেয়ারম্যান, বিলচলনা ইউ.পি, চাটমোহর, পাবনা

৩.২৮। **চেয়ারম্যান, হরিপুর ইউ, পিঃ** চেয়ারম্যান, হরিপুর সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে এবং তিনি বিচারপতির বাড়ীর রাস্তা একজন সার্ভেয়ার দ্বারা পরিমাপ করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং বিচারপতির রাস্তা সার্ভেয়ার দ্বারা পরিমাপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্ব:** চেয়ারম্যান, হরিপুর ইউ.পি, চাটমোহর, পাবনা

৩.২৯। **চেয়ারম্যান, ছাইকোলা ইউ, পিঃ** চেয়ারম্যান ছাইকোলা সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে এবং তিনি আরো জানান, একজন উদ্যোক্তা জন্ম নিবন্ধনের কাজ শেষ করতে পারছে না। অতিরিক্ত উদ্যোক্তা নিয়োগ দেয়ার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।

**দায়িত্ব:** চেয়ারম্যান, ছাইকোলা ইউ.পি, চাটমোহর, পাবনা

৩.৩০। **চেয়ারম্যান, ডিবি.গ্রাম ইউ, পি ঃ** চেয়ারম্যান ডিবি গ্রাম ইউ.পি সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি খৈরাস নওয়াব আলীর বাড়ী হতে মোজাম্মেল হকের পুকুরের পূর্ব পাড় পর্যন্ত খননকৃত খালের পানি নিষ্কাশন ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | অর্থের উৎস | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|---|
| ০১ | খৈরাস নওয়াব আলীর বাড়ী হতে মোজাম্মেল হকের পুকুরের পূর্ব পাড় পর্যন্ত খননকৃত খালের পানি নিষ্কাশন ব্যবস্থা | ২,০০,০০০/- | উন্নয়ন তহবিল | পিআইসি |

**দায়িত্ব:** উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল) চাটমোহর, পাবনা

৩.৩১। **চেয়ারম্যান, মথুরাপুর ইউ, পিঃ** চেয়ারম্যান, মথুরাপুর ইউ.পি সভায় বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি চিরইল বিলে পুকুর খনন বন্ধ করার জন্য এবং মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে মৎস্য খামারে রেনু পোনা চাষ করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা , চিরইল বিলে পুকুর খনন বন্ধ করার এবং মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে মৎস্য খামারে রেনু পোনা চাষ বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্ব:** চেয়ারম্যান, মথুরাপুর ইউ.পি, চাটমোহর, পাবনা।

২৪/২/২২

৩.৩২। **চেয়ারম্যান, মূলগ্রাম ইউ, পি ঃ** চেয়ারম্যান, মুলগ্রাম ইউ.পি সভায় বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো বলেন, অমৃতকুন্ডা হাটের ইজারা মূল্য তাঁর আমলে দ্বিগুণ হয়েছে। ৬০,০০,০০০/- টাকার হাট ১,২০,০০,০০০/- হয়েছে। কিন্তু তাঁর ইউনিয়নে আনুপাতিক হারে বরাদ্ধ দেয়া হয়। তাই তিনি তাঁর ইউনিয়নে উন্নয়ন কাজে অতিরিক্ত বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
**দায়িত্ব:** চেয়ারম্যান, মুলগ্রাম ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.৩৩। **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা ঃ** সভায় বলেন, তিনি অসুস্থ ছিলেন। সকলের দোয়া ও আশির্বাদে তিনি কিছুটা সুস্থ হয়েছে। তিনি পুরোপুরি সুস্থতার জন্য সকলের নিকট দোয়া প্রার্থনা করেন। তিনি ভাইস চেয়ারম্যানগণের সরকারি অফিস কক্ষে অনারবোর্ড ও কাঠের চেয়ার সরবরাহ করার জন্য অনুরোধ করেন।
**সিদ্ধান্ত:** সরকারি বিধি অনুসরণ করে ভাইস চেয়ারম্যানগণের সরকারি অফিস কক্ষে অনারবোর্ড ও কাঠের চেয়ার সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।
**দায়িত্ব:** উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা

৩.৩৪। **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা ঃ** সভায় তিনি স্বাস্থ্য বিধিমেনে সরকারি দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন।
**সিদ্ধান্ত:** স্বাস্থ্য বিধি মেনে সকলকে সরকারি দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।
**দায়িত্ব:** সকল কর্মকর্তা, চাটমোহর, পাবনা

## ৪. বিবিধ :

**৪.১ : ১৪২৯বাংলা সালের হাট-বাজার ইজারা :** উপজেলা নির্বাহী অফিসার বলেন-১৪২৯বাংলা সালের হাট-বাজার ইজারার জন্য অত্র উপজেলার ২৫(পচিঁশ)টি হাটের দরপত্র বিজ্ঞপ্তি প্রদান করা হয়। ১ম পর্যায়ে গত ১৬/০৩/২০২২খ্রি: তারিখ ১৮(আঠার)টি হাটের দরপত্র দাখিল হয়। অবশিষ্ট মূলগ্রাম, শরৎগঞ্জ, মথুরাপুর, মির্জাপুর, ধানকুনিয়া, বরদানগর, ও নটাবাড়িয়া হাটের কোন দরপত্র দাখিল হয়নি। ১৮(আঠার)টি হাটের দাখিলকৃত দর সরকারী নির্ধারিত মূল্যের অধিক হওয়ায় মূল্যায়ন কমিটি কর্তৃক অনুমোদনের সুপারিশ করায় তা সভায় উপস্থাপন করা হয় এবং দাখিল না হওয়া ০৭(সাত)টি হাটের পুনরায় ইজারা বিজ্ঞপ্তি প্রদান করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় ।

**সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে ১৮(আঠার)টি হাট ইজারার বিষয়টি অনুমোদন করা হলো। অবশিষ্ঠ ০০৭(সাত)টি হাটের (মূলগ্রাম, শরৎগঞ্জ, মথুরাপুর, মির্জাপুর, ধানকুনিয়া, বরদানগর, ও নটাবাড়িয়া) ইজারা কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**দায়িত্ব :** উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার/চেয়ারম্যান (সকল) ইউ.পি, চাটমোহর, পাবনা।

৪.২ : **হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তি ও আনুসংগিক খরচের বিল পরিশোধ প্রসংগে :** উপজেলা নির্বাহী অফিসার বলেন-১৪২৮ বাংলা সালের হাট বাজার ইজারার নিমিত্তে ইজারা বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য স্থানীয় ও জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি প্রকাশের বিল পাওয়া গেছে; যাহা নিম্নরূপ :

| ক্র:নং | পত্রিকার নাম | বিলের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | দৈনিক যুগান্তর | ৫৭,৯৬০/- | জাতীয় দৈনিক |
| ০২. | দৈনিক ইছামতি | ৪৯,৩৫৮/- | স্থানীয় দৈনিক |
| ০৩. | দৈনিক নতুন বিশ্ববার্তা | ৫৫,২০০/- | স্থানীয় দৈনিক |

এছাড়া সভায় জানানো হয়-বিজ্ঞপ্তি স্থানীয়ভাবে সকল ইউনিয়নে মাইকযোগে ব্যাপক প্রচার, দরপত্র ছাপানো, বিতরণ ইত্যাদি আনুষাংগিক কাজে সর্বমোট= ৫২,০০০/- (বায়ান্ন হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন পূর্বক পরিশোধের প্রস্তাব করেন।
**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে পত্রিকার বিল ও আনুষাংগিক খরচের বিল উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

**দায়িত্ব** : উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা।

৪.৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন করা হয়েছে। কিন্তু ম্যুরালটি ঢাকনা না থাকায় ধুলা-বালি পড়ে উহা নষ্ট হওয়ার উপক্রম হয়েছে। তাই উক্ত ম্যুরাল টি কাচের গ্লাস দ্বারা আবৃত্ত করা প্রয়োজন। এছাড়া বিল্ডিং এর সৌন্দর্য বৃদ্ধি করার লক্ষ্যে বিল্ডিং এর সামনে ফুলের গাছ লাগানো প্রয়োজন। কিন্তু জায়গাটি খালি থাকায় ফুল গাছ রেপন করলে তা বিনষ্ট হয়ে যাবে। এ জন্য উক্ত জায়গায় গ্রিল দ্বারা ঘেড়া-বেড়া দেয়ার জন্য অনুরোধ করা হয়।
**সিদ্ধান্ত:** উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যূরাল কাচের গ্লাস দ্বারা আবৃত্ত করার এবং উপজেলা পরিষদের রাস্তার পার্শ্বে গ্রিল দ্বারা ঘেড়া-বেড়া দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
**দায়িত্ব:** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, চাটমোহর, পাবনা

২৪/২/২২

৪.৪। পরিশেষে সভাপতি বলেন-সকল দপ্তরের প্রধানদের দপ্তরের কাজকর্ম সঠিকভাবে সম্পন্ন করা ও নিজ অফিসসহ অধিনস্থ অফিসে পরিদর্শন বাড়ানোর এবং করোনা ভাইরাসের এ বৈশ্বিক দূর্যোগ মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধি, ত্রাণ বিতরণ, স্বাস্থ্যবিধি মেনে চলার এবং স্বাস্থ্য বিভাগের প্রচারিত স্বাস্থ্যবিধির বিষয়টি নামাজের আগে ও পরে এ উপজেলার সকল মসজিদে প্রচারের, উপজেলা পরিষদ ফটকে আগত সেবা গ্রহীতাদের মুখে মাস্ক পরিধান নিশ্চিত করাসহ "NO MASK, NO SERVICE"ফেস্টুন উপজেলা চত্বরে লাগানোর এবং টিকা প্রদানের বিষয়টি ব্যপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:** সকল দপ্তরের কাজকর্ম সঠিকভাবে সম্পন্ন ও অধিনস্থ অফিসে পরিদর্শন বাড়ানোর এবং করোনা ভাইরাস মোকাবেলায় সকল দপ্তর প্রধান ও জন প্রতিনিধিগণ সরকারি সিদ্ধান্ত মতে একযোগে কাজ করার এবং স্বাস্থ্য বিভাগের প্রচারিত স্বাস্থ্যবিধির বিষয়টি নামাজের আগে ও পরে এ উপজেলার সকল মসজিদে প্রচারের, উপজেলা পরিষদ ফটকে আগত সেবা গ্রহীতাদের মুখে মাস্ক পরিধান নিশ্চিত করাসহ "NO MASK, NO SERVICE"ফেস্টুন উপজেলা চত্বরে লাগানো চলমান রাখা, সকল প্রকার প্রকল্পের কাজ বিনা ব্যর্থতায় ৩০ এ জুনের মধ্যে বাস্তবায়নের এবং টিকা প্রদানের বিষয়টি ব্যপক প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্ব:** চেয়ারম্যান সকল ইউ.পি/দপ্তর প্রধান (সকল)/ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন চাটমোহর, পাবনা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৪/২/২২

(মো: আব্দুল হামিদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চাটমোহর, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়
চাটমোহর, পাবনা
www.chatmohar.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬২২.০০০.১৩.০৩৭.২১ ২৫৪(৫০) তারিখ ঃ ২৪ ফেব্রুয়ারি, ২০২২

**অনুলিপি সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ**

০১। মাননীয় সংসদ সদস্য ৭০, পাবনা-৩।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, পাবনা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা।
০৫। মেয়র, চাটমোহর পৌরসভা, চাটমোহর, পাবনা।
০৬। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা।
০৭। উপজেলা ................................................ অফিসার (সংশ্লিষ্ট সকল), চাটমোহর, পাবনা।
০৮। চেয়ারম্যান ................................................ ইউনিয়ন পরিষদ (সকল), চাটমোহর, পাবনা।

২৪/০২/২২

(মোঃ সৈকত ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
চাটমোহর, পাবনা
ফোন ঃ ০৭৩২৪-৫৬১০৮
e-mail : unochatmohar@mopa.gov.bd